## ইনকিলাব

# ঢাবি প্রো ভিসির সঙ্গে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূতের সাক্ষাৎ

ঢাবি সংবাদদাতা

Share

৩১ অক্টোবর ২০২৫, ১২:০৬ এএম | আপডেট: ৩১ অক্টোবর ২০২৫, ১২:০৬ এএম




ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভিসির রুটিন দায়িত্বে থাকা প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) প্রফেসর ড. সায়মা হক বিদিশার সঙ্গে সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার।

বৃহস্পতিবার (৩০ অক্টোবর) ঢাকা বিশ্ববিদ্যালয় জনসংযোগ দপ্তরের এক প্রেস বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানানো হয়।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে, বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইউরোপের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে নতুন প্রযুক্তি, পাঠ্যক্রম

উন্নয়ন এবং জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় বিষয়ে শিক্ষা ও গবেষণা সহযোগিতা জোরদার করার সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। তারা ইউরোপীয় ইউনিয়নের আর্থিক ও কারিগরি সহায়তায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার জন্য সক্ষমতা বৃদ্ধি এবং সহশিক্ষা কর্মসূচি গ্রহণের বিষয়ে আলোচনা করেন।

ইউরোপিয়ান ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার তরুণদের কর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষ্যে একাডেমিয়া এবং শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সম্পর্ক উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন। এসময় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদানের আগ্রহ প্রকাশ করেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) প্রফেসর ড. সায়মা হক বিদিশা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রদূতকে জানান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্বিক শিক্ষা ও গবেষণার উন্নয়নে তিনি ইউরোপীয় ইউনিয়নের সহযোগিতা চান।

এ সময় ইউরোপীয় ইউনিয়নের ডেলিগেশন, বাংলাদেশ এর ফার্স্ট সেক্রেটারি (পলিটিক্যাল) সেবাস্টিয়ান রিগার ব্রাউন এবং প্রেস ও ইনফরমেশন উপদেষ্টা তৌহিদ ফিরোজ উপস্থিত ছিলেন।

প্রতি মুহূর্তের খবর
risingbd.com

# ঢাবি উপ-উপাচার্যের সঙ্গে ইইউ রাষ্ট্রদূতের সাক্ষাৎ

ঢাবি প্রতিনিধি || [illegible]

[illegible]




বাংলাদেশে নিযুক্ত ইউরোপিয়ান ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত মাইকেল মিলার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্যের রুটিন দায়িত্বে থাকা উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশার সঙ্গে সাক্ষাৎ করেছেন।

বৃহস্পতিবার (৩০ অক্টোবর) আয়োজিত এ সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন।

তারা ইইউ এর আর্থিক ও কারিগরি সহায়তায় ঢাবিতে উচ্চশিক্ষার সক্ষমতা বৃদ্ধি এবং সহশিক্ষা কর্মসূচি গ্রহণের বিষয়ে আলোচনা করেন। এছাড়া ঢাবি ও ইউরোপের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে নতুন প্রযুক্তি, পাঠ্যক্রম উন্নয়ন এবং জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় বিষয়ে শিক্ষা ও গবেষণা সহযোগিতা জোরদার করার সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

ইউরোপিয়ান ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার তরুণদের কর্মসংস্থান সুযোগ সৃষ্টির লক্ষ্যে একাডেমিয়া এবং শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সম্পর্ক উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন। এ সময় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদানের আগ্রহ প্রকাশ করেন।

উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রদূতকে অবহিত করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্বিক শিক্ষা ও গবেষণার উন্নয়নে তিনি ইউরোপিয়ান ইউনিয়নের সহযোগিতা চান।

ইউরোপিয়ান ইউনিয়ন ডেলিগেশন বাংলাদেশের ফার্স্ট সেক্রেটারি (পলিটিক্যাল) সেবাস্টিয়ান রিগার ব্রাউন এবং প্রেস ও ইনফরমেশন উপদেষ্টা তৌহিদ ফিরোজ উপস্থিত ছিলেন।

উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত তার টিমসহ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) কার্যালয়ে যান।

সেখানে তারা জুলাই স্মৃতি সংগ্রহশালা পরিদর্শন শেষে ডাকসু নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় করেন। মতবিনিময়কালে ডাকসুর ভিপি সাদিক কায়েম, জিএস এসএম ফরহাদ, এজিএস মো. মহিউদ্দিন খাঁন প্রমুখ উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নয়ন, তরুণ নেতৃত্বের ভূমিকা এবং ভবিষ্যতে সম্ভাব্য সহযোগিতা বিষয়ে গঠনমূলক আলোচনা অনুষ্ঠিত হয়।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## The Daily Sun

# EU envoy meets DU pro-VC



DAILY SUN PHOTO

European Union Ambassador Michael Miller visits the archive of Dhaka University Central Students' Union (DUCSU) on the university campus on Thursday.

**Daily Sun Report,**
*Dhaka*

European Union Ambassador to Bangladesh Michael Miller met Dhaka University Pro-Vice Chancellor (Administration) Prof Sayema Haque Bidisha, also the acting vice-chancellor (administration), on Thursday.

During the meeting, they discussed matters of mutual interest, with a focus on enhancing educational and research collaboration between Dhaka University and European universities.

The discussion explored cooperation in emerging technologies, curriculum development, and the exchange of knowledge and expertise.

They also explored ways to boost the university's higher education capacity through EU financial and technical support and to introduce co-educational programmes.

Ambassador Michael Miller emphasised the importance of building stronger links between academia and industry to create employment opportunities for young people.

He also expressed the EU's willingness to extend full cooperation in the advancement of education and research at Dhaka University.

Prof Sayma Haque Bidisha briefed the ambassador on the university's current education and research activities and sought EU support for the overall development of Dhaka University.

প্রতিদিনের বাংলাদেশ



ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিরা বৃহস্পতিবার ডাকসু ভবনে প্রতিষ্ঠিত জুলাই স্মৃতি জাদুঘর ঘুরে দেখেন। প্রবা ফটো

# ডাকসু নেতাদের সঙ্গে ইইউ রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নেতাদের সঙ্গে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত মাইকেল মিলারের সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল ৪টায় ডাকসু ভবনে এই সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ সময় ডাকসুর পক্ষে উপস্থিত ছিলেন ভিপি সাদিক কায়েম, জিএস এসএম ফরহাদ, এজিএস মহিউদ্দিন খানসহ অন্য সম্পাদক ও কার্যকরী সদস্যরা। অন্যদিকে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদলে রাষ্ট্রদূত মাইকেল মিলারের সঙ্গে ছিলেন ফার্স্ট সেক্রেটারি (রাজনৈতিক) সেবাস্তিয়ান রিগার ব্রাউন এবং দূতাবাসের প্রেস উপদেষ্টা তৌহিদ ফিরোজ।

মতবিনিময়কালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে পারস্পরিক সহযোগিতার ক্ষেত্রগুলো আরও বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করেন।

এ সময় ডাকসু এবং ইউরোপীয় ইউনিয়নের উদ্যোগে আগামীতে বাস্তবায়নের লক্ষ্যে বেশকিছু কর্মসূচি নিয়ে আলোচনা করা হয়। মতবিনিময় শেষে ডাকসু ভবনে প্রতিষ্ঠিত জুলাই স্মৃতি জাদুঘর ঘুরে দেখেন ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিরা।

সংগ্রাম



# ডাকসু কার্যালয়ে ইইউ রাষ্ট্রদূত মাইকেল মিলার

স্টাফ রিপোর্টার : বাংলাদেশে নিযুক্ত ইউরোপিয়ান ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির রুটিন দায়িত্বে থাকা প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশার সঙ্গে সাক্ষাৎ করেন।

এসময় ইউরোপিয়ান ইউনিয়ন ডেলিগেশন, বাংলাদেশ এর ফার্স্ট সেক্রেটারি (পলিটিক্যাল) সেবাস্টিয়ান রিগার ব্রাউন এবং প্রেস ও ইনফরমেশন উপদেষ্টা তৌহিদ ফিরোজ উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত তার টিমসহ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) কার্যালয়ে যান।

এসময় ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি দল জুলাই স্মৃতি সংগ্রহশালা পরিদর্শন করেন এবং পরে ডাকসুর নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় করেন। মতবিনিময়কালে ডাকসুর ভিপি সাদিক কায়েম, জিএস এস এম ফরহাদ, এজিএস মো. মহিউদ্দিন খাঁনসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নয়ন, তরুণ নেতৃত্বের ভূমিকা এবং ভবিষ্যতে সম্ভাব্য সহযোগিতা বিষয়ে গঠনমূলক আলোচনা অনুষ্ঠিত হয়।

**The New Age**



European Union ambassador to Bangladesh Michael Miller and his team visit the Dhaka University Central Students' Union office on the campus in the capital on Thursday.
— New Age photo

# The Daily Campus

## দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম ছাত্রী হিসেবে ফেলোশিপটি পেলেন ঢাবির আফসানা

৩০ অক্টোবর ২০২৫, ১৭:২৮




ঢাবির ইইই বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী আফসানা আনজুম আঁখি © সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী আফসানা আনজুম আঁখি মর্যাদাপূর্ণ 'আইইইই ইলেকট্রন ডিভাইস সোসাইটি (ইডিএস) মাস্টার্স ফেলোশিপ-২০২৫' অর্জন করেছেন। শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে অসাধারণ সাফল্যের স্বীকৃতিস্বরূপ এটি অর্জন করেছেন তিনি।

বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বাংলাদেশ ও দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে প্রথম নারী শিক্ষার্থী হিসেবে এ বৈশ্বিক সম্মান অর্জনের মাধ্যমে আফসানা ইতিহাস সৃষ্টি করেছেন। ইলেকট্রন ডিভাইস ক্ষেত্রের স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা ও গবেষণাকে উৎসাহিত ও স্বীকৃতি প্রদানের লক্ষ্যে প্রতি বছর আইইইই ইডিএস মাস্টার্স ফেলোশিপ দেওয়া হয়।

অসাধারণ গবেষণা দক্ষতা, গবেষণা প্রকল্পে সক্রিয় অংশগ্রহণ এবং প্রকৌশল শিক্ষায় উৎকর্ষ সাধনে অনন্য সাফল্যের জন্য বিশ্বের মেধাবী শিক্ষার্থীরা আইইইই ইডিএস ফেলোশিপ লাভ করে থাকেন। এ বছর বিশ্বব্যাপী মাত্র দুজন মাস্টার্স শিক্ষার্থী এ পুরস্কারে ভূষিত হয়েছেন।

এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আফসানা আনজুম আঁখি অন্যতম। অন্যজন হলেন যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব টেক্সাস অ্যাট অস্টিন এর বিবেক তালাভাঝুলা। আফসানা ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই)

5:10 PM দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম ছাত্রী হিসেবে ফেলোশিপটি পেলেন ঢাবির আফসানা

তার গবেষণার অন্যতম বিষয় ছিল, ন্যানোস্কেলে ultra-low-power এবং steep-switching III-V device-এর বৈদ্যুতিক আচরণকে টিসিএডি সিমুলেশনের মাধ্যমে অনুধাবন করা। পাশাপাশি আফসানা নতুন দ্বিমাত্রিক (টু-ডি) heterostrucrure FET FET সেন্সরের জন্য নিউমেরিক্যাল মডেল উন্নয়নে কাজ করছেন।

এ অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ আফসানাকে অভিনন্দন জানিয়েছে। ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন এবং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. উপমা কবির বলেন, এ অসাধারণ সাফল্য বাংলাদেশের জন্য একটি গুরুত্বপূর্ণ মাইলফলক, যা বৈশ্বিক সেমিকন্ডাক্টর গবেষণা অঙ্গনে দেশের ক্রমবর্ধমান উপস্থিতি ও সম্ভাবনাকে তুলে ধরে।

তার এই অর্জন বিভাগ ও অনুষদকে গর্বিত করেছে এবং আন্তর্জাতিক অঙ্গনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মর্যাদা বৃদ্ধি করেছে উল্লেখ করে তিনি বলেন, এর মাধ্যমে বাংলাদেশের নারী শিক্ষার্থী ও তরুণ গবেষকগণ এসটিইএম ক্ষেত্রে উন্নত বৈজ্ঞানিক গবেষণা ও উদ্ভাবনে অনুপ্রাণিত হবেন। এটি ভবিষ্যতের সেমিকন্ডাক্টর প্রযুক্তির রূপ নির্মাণে সহায়ক হবে।